



মোঃ শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: +৮৮-০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০২.২৪.২৪৪(৫০২)

৩১ আশ্বিন ১৪৩১
তারিখ: ১৬ অক্টোবর ২০২৪

শ্রীঃ মোঃ হুমায়ুন

আমার আন্তরিক শুভেচ্ছা নিবেন। আমরা সকলে অবগত আছি যে, একটি উপজেলার আর্থ সামাজিক উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণ বিষয়ক সকল কর্মকাণ্ডের নেতৃত্ব দেন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা। এটি একটি গুরুদায়িত্বও বটে এবং একইসাথে মর্যাদাসম্পন্ন। আপনি উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োজিত থেকে অত্যন্ত দক্ষতা ও সফলতার সাথে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন জেনে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনি জানেন যে, সমবায় কার্যক্রমে দেশের জনগণকে সম্পৃক্তকরণ এবং এর গুরুত্ব সকল শ্রেণির মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়। এ বছর ২ নভেম্বর ২০২৪ তারিখে ৫৩তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। অন্তর্বর্তী সরকারের সংস্কার কার্যক্রম একটি সমন্বয়যোগ্য পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় বৈষম্যহীন সমাজ গঠনে ও রাষ্ট্র সংস্কারে কমিশন গঠন করা হয়েছে। গঠিত এসব কমিশন সংবিধান, নির্বাচন ব্যবস্থা, পুলিশ প্রশাসন, বিচার বিভাগ, দুর্নীতি দমন ও জনপ্রশাসন সংস্কার নিয়ে কাজ করছে যা কল্যাণকর সমাজ বিনির্মাণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। দেশের প্রায় ১ কোটি ২৪ লাখ সদস্যের অংশগ্রহণে গঠিত ১,৮২,০৭১টি সমবায় সমিতিও এ কল্যাণ কাজের অংশীদার। পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনায় এ বছর জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'সমবায় গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ'।

আগামী ১৭ কার্তিক ১৪৩১/২ নভেম্বর ২০২৪ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায় মাস্টিপারপাস হল, সমবায় অধিদপ্তর, ঢাকায় ৫৩তম জাতীয় সমবায় দিবস ২০২৪ এবং জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। জনাব এ. এফ. হাসান আরিফ, মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। একইসাথে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়েও দিবসটি উদযাপিত হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে মাননীয় উপদেষ্টা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া সফল সমবায়ী, সমবায় বিশেষজ্ঞ, বিশিষ্ট শিক্ষাবিদ, সামাজিক আন্দোলন ও দেশের অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করার মাধ্যমে অনুষ্ঠানের তাৎপর্য ও গুরুত্ব বৃদ্ধি করা যেতে পারে।

আমি বিশ্বাস করি, আপনার আন্তরিক ও সক্রিয় সহযোগিতা এবং যোগ্য নেতৃত্বে আপনার উপজেলায় ৫৩তম জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। বাংলাদেশের সংবিধানে সমবায়কে মালিকানার ২য় খাত হিসেবে নির্ধারণ করা হয়েছে। ফলে বৈষম্যহীন বাংলাদেশ গঠনে আপনার এ উদ্যোগের মাধ্যমে সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীগণ আরো বেশি অনুপ্রাণিত হবে।

আন্তরিকভাবে আপনার

মোঃ শরিফুল ইসলাম

শ্রীঃ মোঃ হুমায়ুন
জনাব মোঃ মেহেদী হাসান
উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাননপুর, নাটোর।